



ঢাকা বিশ্ববিদ্যালয়  
বিজ্ঞপ্তি

ইমামউদ্দিন ও বেগম আসমাতুল্লেসা ফাউন্ডেশনের বৃত্তি, ২০২৩-২০২৪

মরহুম ইমামউদ্দিন পাটোয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন কর্মচারী ছিলেন। তাঁর কন্যা মিসেস জহরত আরা পাওয়ার তাঁর মরহুম পিতা ও মাতার স্মৃতির উদ্দেশ্যে ইমামউদ্দিন ও বেগম আসমাতুল্লেসা ফাউন্ডেশন নামে একটি ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেছেন। এই ফাউন্ডেশন থেকে নিম্নলিখিত বৃত্তিগুলো প্রদান করার জন্য এতদ্বারা জানানো যাচ্ছে যে :

- ১। বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকল শ্রেণির কর্মচারীদের ছেলে/মেয়েদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণিতে অধ্যয়নরত ০১ (এক) জনকে মাসিক ১০০/= (একশত) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদেরকে (যারা কোন প্রকার বৃত্তি পাচ্ছে না) তাদের পূর্ণ নাম, পিতা/মাতার নাম ও পদবী, পঠিত বিষয়, শ্রেণি রোল, শিক্ষাবর্ষ, হলের নাম এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপিসহ) স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউট পরিচালকের মাধ্যমে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।
- ২। বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকল শ্রেণির কর্মচারীদের ছেলে/মেয়েদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) কোর্স পাশ করার পর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শ্রেণিতে অধ্যয়নরত ০১ (এক) জনকে মাসিক ১৫০/= (একশত পঞ্চাশ) টাকা হারে উক্ত বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদেরকে (যারা কোন প্রকার বৃত্তি পাচ্ছে না) তাদের পূর্ণ নাম, পিতা/মাতার নাম ও পদবী, পঠিত বিষয়, শ্রেণি রোল, শিক্ষাবর্ষ, হলের নাম এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক (স্নাতক সম্মান পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপিসহ) স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউট পরিচালকের মাধ্যমে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।
- ৩। বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকল শ্রেণির কর্মচারীদের ছেলে/মেয়েদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আওতাভুক্ত কোন মেডিকেল কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস শ্রেণিতে অধ্যয়ন করছে (যারা কোন প্রকার বৃত্তি পাচ্ছে না) তাদের মধ্যে ০১ (এক) জনকে মাসিক ১০০/= (একশত) টাকা হারে উক্ত বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদেরকে তাদের পূর্ণ নাম, পিতা/মাতার নাম ও পদবী, পঠিত বিষয়, শ্রেণি, শ্রেণি রোল, শিক্ষাবর্ষ, কলেজের নাম এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপিসহ) স্ব স্ব মেডিকেল কলেজের অধ্যক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।
- ৪। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত সকল বিভাগ/ইনস্টিটিউটের ছাত্র/ছাত্রীদের মধ্যে (যারা কোন প্রকার বৃত্তি পাচ্ছে না) ০১ (এক) জন ছাত্র ও ০১ (এক) জন ছাত্রীকে মাসিক ১০০/= (একশত) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে তাদের পূর্ণ নাম, পিতা/মাতার নাম ও পদবী, পঠিত বিষয়, শ্রেণি, শ্রেণি রোল, শিক্ষাবর্ষ এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপিসহ) স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউট পরিচালকের মাধ্যমে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।
- ৫। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত সকল বিভাগ/ইনস্টিটিউটের ছাত্র/ছাত্রীদের মধ্যে (যারা কোন প্রকার বৃত্তি পাচ্ছে না) ০১ (এক) জন ছাত্র ও ০১ (এক) জন ছাত্রীকে মাসিক ১৫০/= (একশত পঞ্চাশ) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে তাদের পূর্ণ নাম, পিতা/মাতার নাম ও পদবী, পঠিত বিষয়, শ্রেণি, শ্রেণি রোল, শিক্ষাবর্ষ, হলের নাম এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক (স্নাতক সম্মান পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপিসহ) স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউট-এর পরিচালকের মাধ্যমে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।

বিঃ দ্রঃ-সকল আবেদনপত্র আগামী ২০/১১/২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রারের অফিসের শিক্ষা-৪ শাখা (ট্রাস্ট এন্ড ফাউন্ডেশন, কক্ষ নং-২০৮/ক)-এ জমা দিতে হবে।

Anwar

২৪/১০/২০২৪  
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৪)